**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 17/12/202** **Time: 1-40 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১/ ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার দ্বিতীয় পর্বে রাজ্যে প্রায় এক কোটি ৩৬ লক্ষ ভোটারকে প্রাথমিকভাবে শুনানিতে ডাকা হতে পারে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

২/ যুবভারতী ক্রীড়াঙ্গনের ঘটনায় ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস পদত্যাগ করে আসল ব্যাপার ধামাচাপ দিতে চাইছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৩/ RG KAR-এ তরুণী চিকিৎসকের খুন ও ধর্ষণের ঘটনায় সুপ্রিম কোর্টে দায়ের হওয়া স্বত:প্রণোদিত মামলা শীর্ষ আদালত কলকাতা হাইকোর্টে ফেরত পাঠিয়েছে।

৪/ লোকসভায় পেশ হওয়া 'বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন গ্রামীণ বিল ২০২৫'-এ গ্রামীণ পরিবারগুলির জন্য বছরে ১২৫ দিনের কর্মসংস্থান নিশ্চয়তার প্রস্তাব করা হয়েছে।

৫/ শহরতলী ও মফঃস্বল এলাকায় ক্রমবর্ধমান যানজটের মোকাবিলার পথ খুলতে রাজ্য সরকার বেসরকারি সংস্থাকে দিয়ে সমীক্ষা শুরু করেছে।

*******************************************************************

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার দ্বিতীয় পর্বে রাজ্যে প্রায় ১ কোটি ৩৬ লক্ষ ভোটদাতাকে প্রাথমিকভাবে শুনানিতে ডাকা হতে পারে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। তবে, শুনানিতে ডাক পেলেও ভয় পাওয়ার কোনো কারণ নেই বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। তিনি এও বলেন, যাচাইয়ের সময় একাধিকবার থাকা নাম বা ডুপ্লিকেট এন্ট্রি বাদ দেওয়া হলে সংখ্যা কিছুটা কমতে পারে। খসড়া তালিকা প্রকাশ হবার সপ্তাহ খানেকের মধ্যেই শুনানি পর্ব শুরু হতে পারে বলেও তিনি জানিয়েছেন।

(বাইট- মনোজ কুমার আগরওয়াল)

এদিকে, প্রাথমিকভাবে খসড়া তালিকা থেকে বাদ পড়েছে ৫৮ লক্ষেরও বেশি নাম। আনম্যাপড অর্থাৎ ২০০২ সালের ভোটার তালিকার সঙ্গে কোনও সংযোগ নেই এমন ভোটারের সংখ্যা ৩০ লক্ষ। কী কারণে, নাম

বাদ দেওয়া হয়েছে, তা'ও উল্লেখ করা হয়েছে তালিকায়। নামের পাশে মৃত, অনুপস্থিত অথবা ডুপ্লিকেট, এমন কারণের উল্লেখ রয়েছে।

এই রাজ্যেই প্রথম বাদ পড়া নামের তালিকার পাশাপাশি বাদ দেয়ার কারণ প্রকাশ করা হয়েছে। তবে এই সংক্রান্ত কোনও অসঙ্গতি চোখে পড়লে BLO-কে জানানো যাবে বলে কমিশন সূত্রে খবর। কাগজপত্র জমা দেওয়া সত্ত্বেও কেন 'অনুপস্থিত' লেখা রয়েছে, সেই প্রশ্নও তোলা যাবে।

একটি প্রতিবেদন- (ভিসি- অভিরূপ)

উল্লেখ্য, চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ১৪-ই ফেব্রুয়ারি।

*********************************************************************

খসড়া ভোটার তালিকা প্রকাশের একদিন পার হয়ে যাওয়ার পরও কাদের শুনানি হবে এবং তা কবে থেকে, তা এখনো নির্বাচন কমিশন জানাতে পারলো না বলে ভোট কর্মী ও BLO ঐক্য মঞ্চ অভিযোগ করেছে। মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল এই অভিযোগ করে বলেন, যদি এক কোটির বেশি লোকের শুনানি হয় তাহলে সময় কিন্তু যথেষ্ট নয়। এব্যাপারে নির্বাচন কমিশনকে আজকের মধ্যে ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানান তিনি।

*********************************************************************

কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের ৫৪ নম্বর বুথের বাসিন্দা অশ্বিনী অধিকারী এবং শিবানী অধিকারী, জীবিত হলেও খসড়া ভোটার তালিকায় তাঁদের মৃত বলে উল্লেখ করায় চরম দুশ্চিন্তায় পড়েছেন। প্রশাসন সূত্রে অবশ্য জানানো হয়েছে বিষয়টি খোঁজ নিয়ে দেখা হচ্ছে, কোথায় ভুল হয়েছে

*********************************************************************

যুবভারতী ক্রীড়াঙ্গনের ঘটনায় ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস পদত্যাগ করে আসল ব্যাপার ধামাচাপ দিতে চাইছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি **শমীক** ভট্টাচার্য ও বিরোধী দলনেতা **শুভেন্দু** অধিকারী এই অভিযোগ করেন। **শমীক** বাবু বলেন, যেসমস্ত দর্শককে গ্রেফতার করা হয়েছে তারা কোনও অপরাধ করেননি, বরং তারা টাকা দিয়ে টিকিট কিনে মেসিকে দেখতে গেছেন।

( বাইট- শমীক )

তাঁদের আরো অভিযোগ, এই ঘটনায় পুরো শাসক দল জড়িত। যারা এই প্রাতিষ্ঠানিক দুর্নীতি করেছে তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হয়নি। শুধু একজনকে গ্রেফতার করে নাটক করা হল। রাজ্যের সার্বিক ব্যর্থতাকে ঢেকে রাখতে এর আগে SIR-এর বিরোধিতা করা হয়েছে এখন এই ঘটনা নিয়ে নাটক করা হচ্ছে।

রাজ্য পুলিশের ডিজিকে শোকজ করা প্রসঙ্গে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, ডিজিকে পরিচালনা করে সরকার। যাদের গ্রেফতার করা হয়েছে, বিজেপি তাদের আইনি সাহায্য দেবে এবং ইতমধ্যেই জনস্বার্থ মামলা দায়ের করা হয়েছে। তিনি প্রতারিতদের পাশে থাকার'ও বার্তা দেন।

পরে শ্রী অধিকারী আজ যুবভারতী ক্রীড়াঙ্গন পরিদর্শনে যান। তাঁর সঙ্গে ছিলেন বিজেপি বিধায়করাও। কিন্তু VIP গেট বন্ধ থাকায় তাঁরা ভেতরে ঢুকতে পারেননি। এর প্রেক্ষিতে গোটা স্টেদিয়াম চত্বর ঘুরে বিক্ষোভ দেখান তাঁরা।

অন্যদিকে, যুবভারতীতে ভাঙচুরের ঘটনায় তদন্তকারী চার IPS আধিকারিক'ও আজ ঘটনাস্থল পরিদর্শন করেন। কথা বলেন স্টেডিয়ামের দায়িত্বে থাকা আধিকারিকদের সঙ্গেও। এই চার IPS আধিকারিক হলেন- জাভেদ শামীম,পীযূষ পান্ডে, সুপ্রতীম সরকার, মুরলী ধর।

*********************************************************************

যুবভারতী ক্রীড়াঙ্গনে ভাঙচুরের ঘটনায় পুলিশ বাইপাস এলাকার ধাবা থেকে রূপক মন্ডল নামে আরও এক ব্যক্তিকে গ্রেপ্তার করে। এই নিয়ে ঐ ঘটনায় মোট ৬ জনকে গ্রেপ্তার করা হল। আজই তাকে আদালতে তোলা হচ্ছে।

*********************************************************************

আর জি করে তরুণী চিকিৎসকের খুন ও ধর্ষণের ঘটনায় সুপ্রিমকোর্টে দায়ের হওয়া স্বত:প্রনোদিত মামলা শীর্ষ আদালত কলকাতা হাইকোর্টে ফেরত পাঠিয়েছে। দুই বিচারপতি এমএম সুন্দরেশ ও বিচারপতি সতীশ চন্দ্র শর্মার বেঞ্চ এই মামলায় তদন্তের উপর নজরদারি এবং আদালত এখনও পর্যন্ত যে নির্দেশ দিয়েছে, তা হাইকোর্টকেই কার্যকর করতে বলেছে।

উল্লেখ্য ২০২৪ সালের ৮'ই অগাস্ট গভীর রাতে ওই তরুণী চিকিৎসককে খুন ও ধর্ষণে ঘটনায় গোটা দেশ উত্তাল হয়ে ওঠে। কলকাতা হাইকোর্টের তৎকালীন প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানমের বেঞ্চে প্রথমে জনস্বার্থ মামলা দায়ের হয়। সুপ্রিমকোর্টের তৎকালীন প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় এরপর স্বত:প্রণোদিত মামলা গ্রহণ করেন। সেই মামলাই এবার ফের কলকাতা হাইকোর্টে ফেরত পাঠাল শীর্ষ আদালত।

এদিকে, কলকাতা হাইকোর্টেও ইতিমধ্যে আরজি করের ঘটনার সঙ্গে সম্পর্কিত দুটি মামলা বিচারাধীন।

*********************************************************************

'আজকের প্রসঙ্গ' অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা ভারত-রাশিয়া সম্পর্ক। ডক্টর অনিক চ্যাটার্জি র সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ প্রযোজিত এই অনুষ্ঠানটি আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি ও DTH বাংলায় শোনা যাবে। দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আগামীকাল রাত ৮ টায়।

আকাশবাণী কলকাতার এই বিশেষ অনুষ্ঠান এবার থেকে প্রতি মঙ্গল ও বৃহস্পতিবার রাত আটটা এবং বুধবার রাত সাড়ে নটায় শোনা যাবে গীতাঞ্জলি ও ডিটিএইচ বাংলা পরিষেবায়। এটি আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও পাওয়া যাবে।

*************************************************************************

লোকসভায় পেশ হওয়া বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন গ্রামীণ বা ভিবিজি রামজি বিল ২০২৫-এ গ্রামীণ পরিবারগুলির জন্য কর্মসংস্থানের মাধ্যমে বার্ষিক ১২৫ দিনের মজুরি দেওয়ার একটি বিধিবদ্ধ নিশ্চয়তা প্রস্তাব করা হয়েছে। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন  এবং কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান সভায় বিলটি পেশ করে বলেন, মহাত্মা গান্ধী আত্মনির্ভর ভারত এবং বিকশিত গ্রাম সম্প্রদায়ের চিন্তাভাবনার সঙ্গে সামঞ্জস্য রেখে বর্তমান সরকার দরীদ্রদের কল্যাণ ও গ্রামাঞ্চলের সার্বিক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। প্রস্তাবিত উদ্যোগের জন্য কেন্দ্র ৯৫ হাজার কোটি টাকা ব্যয় করবে বলে স্থির হয়েছে। এমজিনারেগা প্রসঙ্গে শ্রী চৌহান বলেন, নতুন প্রস্তাবে কর্ম নিশ্চয়তা আরও বেশি সুরক্ষিত থাকবে।

( বাইট-শিবরাজ )

*************************************************************************

শহরতলি ও মফস্বল এলাকায় ক্রমবর্ধমান যানজটের সমস্যা মোকাবিলার পথ খুঁজতে রাজ্য সরকার বেসরকারি সংস্থাকে দিয়ে সমীক্ষা শুরু করেছে।সমীক্ষার মাধ্যমে কোন কোন রাস্তায় সবচেয়ে বেশি যানজট হচ্ছে, কোন সময়ে এবং কত ক্ষণ এই সমস্যা থাকছে, তার বিস্তারিত ডেটাবেস তৈরি করা হবে। একই সঙ্গে রোড ইঞ্জিনিয়ারিংয়ে কোনও ত্রুটি রয়েছে কি না, তা-ও খতিয়ে দেখবে সমীক্ষক সংস্থা। কোথায় রাস্তা চওড়া করা যায় বা বিকল্প ব্যবস্থা নেওয়া সম্ভব, সে বিষয়ে সুপারিশ করা হবে। রিপোর্ট জমা পড়ার পর তার ভিত্তিতেই রাজ্য সরকার পরবর্তী পদক্ষেপ করবে বলে নবান্ন সূত্রে জানানো হয়েছে।

প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, হাওড়া শহরের পাশাপাশি কলকাতার কাছের শহর সোনারপুর ও বারুইপুরে যানজটের সমস্যা সবচেয়ে বেশি বেড়েছে। একই সঙ্গে বারাসত, ব্যারাকপুরের মতো গুরুত্বপূর্ণ শহরগুলিতেও প্রতিদিন যানজট বাড়ছে বলে মত প্রশাসনের।

*************************************************************************

‘জল জীবন মিশন’ প্রকল্পে রাজ্যের বকেয়া দ্রুত মিটিয়ে দিতে তৃণমূল কংগ্রেস কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়েছে। সাংসদ সৌগত রায়ের নেতৃত্বে দশ সদস্যের এক সংসদীয় প্রতিনিধি দল আজ নতুন দিল্লিতে জলশক্তি মন্ত্রী চন্দ্রকান্ত রঘুনাথ পাতিলের সঙ্গে দেখা করেন। গত বছরের সেপ্টেম্বর মাস থেকে এই প্রকল্পে টাকা বন্ধ করে দেওয়ায় কেন্দ্রের কাছে রাজ্যের ২ হাজার ৫২৫ কোটি টাকা বকেয়া রয়েছে বলে জানিয়ে তার হাতে চিঠি তুলে দেন। পরে সৌগত বাবু বলেন আলোচনা ফলপ্রসূ হয়েছে। টাকা না মেলায়

প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে এগিয়ে নিয়ে যেতে রাজ্য সরকার তার নিজের তহবিল থেকে অতিরিক্ত ২ হাজার ৪০১ কোটি টাকা খরচ করেছে বলে প্রতিনিধি দলের তরফে মন্ত্রীকে জানানো হয়েছে।

************************************************************************

কলকাতা সহ সারা রাজ্যের ব্যবসায়ীদের উপস্থিতিতে আজ নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে আয়োজিত ব্যবসায়ী সম্মেলনে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যোগ দেবেন। কনফেডারেশন অফ ওয়েস্টবেঙ্গল ট্রেড অ্যাসোসিয়েশন আয়োজিত এই সম্মেলনে ১০ হাজারের বেশি ব্যবসায়ী যোগ দিতে পারেন বলে জানা যাচ্ছে। রাজ্যে ব্যবসা ও বাণিজ্য ক্ষেত্রে উন্নয়ন এবং অগ্রগতির পর্যালোচনার জন্যই এই সম্মেলনের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রদর্শিত হবে পশ্চিমবঙ্গের ৩২ টি জিআই পণ্যও।

************************************************************************